

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ট্যারিফ কমিশন
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১০ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.btc.gov.bd

প্রেস রিলিজ

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বাংলাদেশ ট্যারিফ কমিশনের নবযোগদানকৃত চেয়ারম্যান এর শ্রদ্ধাঞ্জলি নিবেদন

আজ ০১ অক্টোবর ২০১৯ তারিখ বেলা ১১.০০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও বাংলাদেশ ট্যারিফ কমিশনের চেয়ারম্যান মোঃ নূর-উর-রহমান ৩২ নং ধানমন্ডি, ঢাকায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন এবং বঙ্গবন্ধুসহ তার পরিবারের সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় ফাতিহা পাঠ ও মোনাজাত/দোয়া করেন। এ সময় কমিশনের সকল সদস্যসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

জনাব মোঃ নূর-উর-রহমান ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে সচিব পদ মর্যাদায় বাংলাদেশ ট্যারিফ কমিশনের চেয়ারম্যান এর দায়িত্বভার গ্রহণ করেন। এর আগে ২৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রকাশিত একটি প্রজ্ঞাপনের মাধ্যমে এ আদেশ জারি করা হয় এবং একই দিন তিনি বাণিজ্য মন্ত্রণালয়ে চেয়ারম্যান (সচিব) হিসাবে যোগদানপত্র দাখিল করেন।



বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বাংলাদেশ ট্যারিফ কমিশনের নবাগত চেয়ারম্যান পুষ্পস্তবক দিয়ে শ্রদ্ধা নিবেদন



বঙ্গবন্ধুসহ তার পরিবারের সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় ফাতিহা পাঠ ও মোনাজাত/দোয়া করেন।

স্বাক্ষরিত- ০১/১০/২০১৯

(এইচ.এম. শরিফুল ইসলাম)

পাবলিক রিলেশন এন্ড পাবলিকেশন অফিসার

ফোন: ৮৩১৬১০৪, মোবাইল: ০১৭২৪৮৯৪০৩৬

Email: prandpo@btc.gov.bd